গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে আধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলের পরিকল্পনা, সার্ভে, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত গত ০৩ জুন ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। এরই ধারাবাহিকতায় সরকার ৬ (ছয়) টি মেট্রোরেল সমন্বয়ে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকায় মোট ১২৮.৭৪১ কিলোমিটার (উড়াল ৬৭.৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৪ স্টেশন (উড়াল ৫১ এবং ৫৩) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে :

**সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০**

| ক্রম | এমআরটি লাইনের নাম | পর্যায় | সম্ভাব্য সমাপ্তির সাল | ধরণ |
|---|---|---|---|---|
| ১. | এমআরটি লাইন-৬ | প্রথম | ২০২৪ | উড়াল |
| ২. | এমআরটি লাইন-১ | দ্বিতীয় | ২০২৬ | উড়াল ও পাতাল |
| ৩. | এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট | | ২০২৮ | |
| ৪. | এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট | তৃতীয় | ২০৩০ | |
| ৫. | এমআরটি লাইন-২ | | | |
| ৬. | এমআরটি লাইন-৪ | | | উড়াল |

এ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণে নির্ধারিত সময়ের পূর্বে সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নিয়ে ২০.১০ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা MRT Line-6 এর নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। ২০২৬ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design-এর কাজ চলমান আছে। ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Northern Route-এর Engineering Service-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ২০৩০ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়াধীন আছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে Basic Study শুরু হয়েছে। ২০৩০ সালের মধ্যে MRT Line-4 নির্মাণের লক্ষ্যে Feasibility Study করার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

## MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ প্রায় ২২,০০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা ৩য় পর্ব হতে মতিঝিল পর্যন্ত Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলেছে। সার্বিক গড় অগ্রগতি ৪৪.১২%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ৭২.১২%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৩৯.৯৩%। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ২৮.৭১%। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত MRT Line-6 বর্ধিত করার জন্য Social Survey চলছে। এ অংশের দৈর্ঘ্য ১.১৬ কিলোমিটার।

**প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি**

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এ প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০%।

- **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে মোট ৫২টি অবকাঠামোর নির্মাণকাজ পুরোদমে এগিয়ে চলছে। ডিপো এলাকার পূর্ত কাজের বাস্তব অগ্রগতি ৬৭%।

- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল ও আই-গার্ডার নির্মাণ সম্পন্ন হয়েছে। গত ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখ ৫,১৪৯ টি প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং-এর মধ্যে সকল প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। গত ১৫ মার্চ ২০২০ তারিখ ৭৬৬ টি পাইল ক্যাপ-এর মধ্যে সকল পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ৩৯৩ টি পিয়ার হেডের মধ্যে ৩৮৯ টি পিয়ার হেড এবং ১১.৭৩ কিলোমিটার এর মধ্যে ১০.২৬ (দশ দশমিক ছাব্বিশ) কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। ধারাবাহিকভাবে ভায়াডাক্ট erection এর কাজ এগিয়ে চলছে। যেখানে ভায়াডাক্ট স্থাপন করা হয়েছে সেখানে parapet wall এর নির্মাণকাজ এগিয়ে চলছে। ০৯টি স্টেশনের sub-structure নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তরা সেন্টার ও উত্তরা দক্ষিণ স্টেশনদ্বয়ের concourse নির্মাণ ফেব্রুয়ারি ২০২০ মাসে সম্পন্ন হয়েছে। বর্তমানে উত্তরা উত্তর, পল্লবী, কাজীপাড়া এবং শেওড়াপাড়া স্টেশনের concourse নির্মাণের কাজ চলছে। মেট্রোরেল নির্মাণে স্বাভাবিক পানির প্রবাহ ও ট্রাফিক ব্যবস্থাপনা যাতে বাধাগ্রস্থ না হয় তা বিবেচনায় ০৫ টি long span balance cantilever এর মধ্যে ০২টি সমাপ্ত হয়েছে এবং বাকী ০৩ টির নির্মাণকাজ অব্যাহত আছে। পিয়ার-৪৪ থেকে পিয়ার-১০২ পর্যন্ত প্রায় ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট রেললাইন ও Overhead Catenaries System (OCS) Mast স্থাপনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করা হয়েছে। সার্বিক অগ্রগতি ৭০.৫৪%।

- **প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল ও ট্রায়াল ট্রেঞ্চ নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৬২১টি স্থায়ী বোর্ড পাইলের মধ্যে ৬২০ টি স্থায়ী বোর্ড পাইল সম্পন্ন হয়েছে। মোট ২০৩টি পাইল ক্যাপ এর মধ্যে ১১১ টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ১০৬টি পিয়ার কলাম এর মধ্যে ৬৯ টি পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। ৯০টি পিয়ার হেডের এর মধ্যে ২৬ টি পিয়ার হেড এবং ১০৪৮টি প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং এর মধ্যে ২৬৮ টি সেগমেন্ট সম্পন্ন হয়েছে। ২টি Special Long Span এর মধ্যে ১টির কাজ চলমান রয়েছে। এ প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৪২.৯৫%। এছাড়া প্যাকেজ-০৫ এর আওতায় উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন Metro Rail Exhibition & Information Center-এর পূর্ত কাজের অগ্রগতি ৯৬%।

- **প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং ও টেস্ট পাইল সম্পন্ন হয়েছে। মূল পাইল নির্মাণের নিমিত্ত ৪২৩ টি ট্রায়াল ট্রেঞ্চ এর মধ্যে ৪১৭ টি ট্রায়াল ট্রেঞ্চ সম্পন্ন হয়েছে। মোট ৮৬২ টি স্থায়ী বোর্ড পাইল এর মধ্যে ৮৪০ টি স্থায়ী বোর্ড পাইল সম্পন্ন হয়েছে। মোট ২৯৮টি পাইল ক্যাপের মধ্যে ১২৫ টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ১৬০টি পিয়ার কলাম এর মধ্যে ১১৩ টি পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। ১৩৬টি পিয়ার হেডের মধ্যে ৯৪ টি পিয়ার হেড সম্পন্ন হয়েছে এবং ১৬২০টি সেগমেন্ট এর মধ্যে ৪৭১ টি সেগমেন্ট সম্পন্ন হয়েছে । বাস্তব অগ্রগতি ৪৪.২৮%।

- **প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণকাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। টঙ্গি ও মানিকনগর গ্রীড সাব স্টেশনে Bay এবং উত্তরা ডিপোতে রিসিভিং সাব-স্টেশন (RSS) এর পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। উত্তরা রিসিভিং সাব স্টেশন (RSS) ভবনে ইকুইপমেন্ট স্থাপনের কাজ চলছে। মতিঝিল রিসিভিং সাব স্টেশন ভবনের নির্মাণকাজ চলছে। বৈদ্যুতিক সরঞ্জাম এবং রেল লাইন নির্মাণের মালামাল উত্তরা ডিপোতে পৌঁছেছে। ডিপো এলাকায় এবং ভায়াডাক্টের উপর রেল লাইন বসানো ও বৈদ্যুতিক স্থাপনার নির্মাণকাজ চলছে। ইতোমধ্যে ১.০৮ (এক দশমিক শূন্য আট) কিলোমিটার রেল লাইন বসানো হয়েছে। Real Time Based Metro Rail ব্যবস্থাপনার জন্য Master Clock ডিপোতে এসে পৌঁছেছে। বাস্তব অগ্রগতি ৩৬.৪৩%।

- **প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। Bogie নির্মাণের কাজ ১৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ জাপানে শুরু হয়েছে। যাত্রীবাহী কোচ (কারবডি) নির্মাণের কাজ ১৬ এপ্রিল ২০১৯ তারিখ জাপানে শুরু করা হয়েছে। মেট্রো ট্রেনের Mock Up গত ২৬ ডিসেম্বর ২০১৯ তারিখ উত্তরা ডিপোতে এসে পৌঁছেছে এবং ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ উত্তরা ডিপোর Exhibition & Information Center এ স্থাপন করা হয়েছে। আগামি ১৫ জুন ২০২০ তারিখ প্রথম মেট্রো ট্রেন সেট বাংলাদেশে পৌঁছার জন্য নির্ধারিত আছে। মেট্রো ট্রেন বাংলাদেশে পৌঁছানোর পর Integrated Test এবং Trial Run শুরু করা হবে। বাস্তব অগ্রগতি ২৩%।

## MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং **পূর্বাচল** রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। এ রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নতুন বাজার ও যমুনা ফিউচার পার্ক স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতাল নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এ Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত Study, Survey ও Basic Design সম্পন্ন হয়েছে। Detailed Design এর কাজ চলছে। ডিপোর Land Acquisition প্রক্রিয়াধীন আছে। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) বা বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল নির্মাণ প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৬ মেয়াদে প্রায় ৫২ হাজার ৫৬২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়েছে। আগামি ডিসেম্বর ২০২০ মাসে বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেলের নির্মাণ কাজ শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

**বিমানবন্দর রুটের এ্যালাইনমেন্ট হল:** বিমানবন্দর - বিমানবন্দর টার্মিনাল ৩ - খিলক্ষেত - যমুনা ফিউচার পার্ক - নতুন বাজার - উত্তর বাড্ডা - বাড্ডা - হাতিরঝিল পূর্ব - রামপুরা - মালিবাগ - রাজারবাগ - কমলাপুর

**পূর্বাচল রুটের এ্যালাইনমেন্ট হল:** নতুন বাজার - যমুনা ফিউচার পার্ক - বসুন্ধরা-পুলিশ অফিসার্স হাউজিং সোসাইটি (পিওএইচএস)- মাস্তুল - পূর্বাচল পশ্চিম - পূর্বাচল সেন্টার - পূর্বাচল পূর্ব - পূর্বাচল টার্মিনাল - পিতলগঞ্জ ডিপো

## MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪ স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study সম্পন্ন হয়েছে। Engineering Service-এর জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট বা বাংলাদেশের প্রথম পূর্ব-পশ্চিম MRT Corridor নির্মাণ প্রকল্পটি জুলাই ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৮ মেয়াদে ৪১ হাজার ২৩৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগে উন্নয়ন সহযোগী সংস্থা জাইকা'র সম্মতি গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। বাংলাদেশের প্রথম পূর্ব-পশ্চিম MRT Corridor এর Detailed Study, Survey ও Basic Design এর কাজ সহসাই শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

**MRT Line-5: Northern Route-এর রুট এ্যালাইনমেন্ট হল:** হেমায়েতপুর - বালিয়ারপুর - বিলামালিয়া - আমিনবাজার - গাবতলী - দারুস সালাম - মিরপুর ১ - মিরপুর ১০ - মিরপুর ১৪ - কচুক্ষেত - বনানী - গুলশান ২ - নতুন বাজার - ভাটারা

## MRT Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১২.৮০ কিলোমিটার এবং উড়াল ৪.৬০ কিলোমিটার) এবং ১৬ টি স্টেশন (পাতাল ১২ টি এবং উড়াল ৪ টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত প্রাক-সম্ভাব্যতা যাচাই সম্পন্ন করা হয়েছে। জানুয়ারি ২০২০ থেকে জুন ২০২৩ মেয়াদে প্রায় ৪০৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে Technical Assistance for Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Southern Route গত ০৯ ডিসেম্বর ২০১৯ তারিখ অনুমোদিত হয়েছে। MRT Line-5: Southern Route এর Project Readiness Financing (PRF) এর নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে Request for Proposal (RFP) ইস্যু করা হয়েছে। আগামি অক্টোবর ২০২০ মাসে MRT Line-5: Southern Route এর Feasibility Study শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

**MRT Line-5: Southern Route-এর রুট এ্যালাইনমেন্ট হল:** গাবতলী - টেকনিক্যাল - কল্যাণপুর - শ্যামলী - কলেজ গেইট - আসাদ গেইট - রাসেল স্কয়ার - পান্থপথ - সোনারগাঁ - হাতিরঝিল পশ্চিম- নিকেতন - রামপুরা - আফতাব নগর পশ্চিম - আফতাব নগর সেন্টার -আফতাব নগর পূর্ব - দাশেরকান্দি

## MRT Line -2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। এরই ধারাবাহিকতায় জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে ৬ ডিসেম্বর ২০১৭ তারিখ প্রথম প্লাটফরম সভা, ৭ জুন ২০১৮ তারিখ দ্বিতীয় প্লাটফরম সভা এবং ২১ মার্চ ২০১৯ তারিখ তৃতীয় প্লাটফরম সভা অনুষ্ঠিত হয়েছে। G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 বাস্তবায়নে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গত ৮ নভেম্বর ২০১৮ তারিখ নীতিগত অনুমোদন প্রদান করেছে। G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 বাস্তবায়নের নিমিত্ত Basic Study শুরু হয়েছে। আগামি অর্থ বছরের প্রথম প্রান্তিকে Preliminary Study শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

**MRT MRT-2 এর সম্ভাব্য রুট এ্যালাইনমেন্ট হল:** গাবতলী - Embankment Road - বসিলা - মোহাম্মদপুর বিআরটিসি বাস স্ট্যান্ড - সাত মসজিদ রোড - ঝিগাতলা - ধানমন্ডি ২ নম্বর রোড - সাইন্স ল্যাবরেটরি - নিউ মার্কেট - নীলক্ষেত - আজিমপুর - পলাশী - শহীদ মিনার - ঢাকা মেডিকেল কলেজ - পুলিশ হেডকোয়ার্টার - গোলাপ শাহ মাজার - বঙ্গ ভবনের উত্তর পার্শ্বস্থ সড়ক - মতিঝিল - আরামবাগ - কমলাপুর - মুগদা - মান্ডা - ডেমড়া - চট্টগ্রাম রোড

## MRT Line-4

২০৩০ সালের মধ্যে কমলাপুর - নারায়ণগঞ্জ রেলওয়ে ট্রাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।